



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd



স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১১০.৯৯.০৪৮.২১.৮৬৪

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮
১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: "স্বাধীনতা পুরস্কার-২০২২" এর মনোনয়ন প্রস্তাব আহ্বান।

মন্ত্রিপরিষদ বিভাগের ০১.০৯.২০২১ তারিখের ০৪.০০.০০০০.৭১২.২৩.০০৭.২১-১৩২ সংখ্যক স্মারকে স্বাধীনতা পুরস্কার, ২০২২ এর জন্য মনোনয়ন আহ্বান করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থা এবং জেলা ও বিভাগের উপযুক্ত প্রার্থীর মনোনয়ন (যদি থাকে) আগামী ৩০.১১.২০২১ তারিখের মধ্যে সরাসরি সিনিয়র সহকারী সচিব, প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-২ শাখা, কক্ষ নং-১১/১, ভবন-১, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন প্রস্তাবের সফটকপি (ওয়ার্ড ফাইলে) Nikosh ফন্টে ই-মেইলে (adc2s@cabinet.gov.bd) প্রেরণের জন্যও অনুরোধ করা হলো। মনোনীত প্রার্থীদের তথ্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নীতিমালা ও নির্ধারিত ছকে (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েব সাইট www.cabinet.gov.bd হতে ছক ও নীতিমালা সংগ্রহ করে) প্রেরণ করতে হবে।

০২। উল্লেখ্য, উপযুক্ত প্রার্থীর (যদি থাকে) প্রতিজনের জন্য নির্ধারিত ছকে প্রয়োজনীয় তথ্য সম্বলিত ৩৫ (পঁয়ত্রিশ) সেট মনোনয়ন প্রস্তাব সুপারিশকারীর স্বাক্ষরসহ প্রেরণ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন মনোনয়ন প্রস্তাব প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

সংযুক্তি: বিবেচ্যপত্র ও স্বাধীনতা পুরস্কার সংক্রান্ত নির্দেশাবলি।

১৫-৯-২০২১

মোঃ এনামুল হক

উপসচিব

ফোন: ৯৫৪০২১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)।
- ২) রেজিস্ট্রার (সচিব), বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি।
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (বিকেকেবি)।
- ৪) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর।
- ৫) অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন।
- ৭) পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।

ইমেইল: adminint@mopa.gov.bd